



বিতর্কিত বিজ্ঞাপন নিয়ে ক্ষুব্ধ ট্রাম্প, কানাডার ওপর নতুন শুল্ক আরোপ



সংগৃহীত ছবি

কানাডার সঙ্গে বাণিজ্যিক উত্তেজনা নতুন উচ্চতায় পৌঁছেছে। সাবেক মার্কিন প্রেসিডেন্ট রোনাল্ড রিগ্যানকে ঘিরে তৈরি করা এক ‘বিতর্কিত’ বিজ্ঞাপনের জেরে কানাডার ওপর অতিরিক্ত ১০ শতাংশ শুল্ক আরোপের ঘোষণা দিয়েছেন বর্তমান প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প।

শনিবার (২৫ অক্টোবর) দিবাগত রাতে ট্রুথ সোশ্যালের এক পোস্টে ট্রাম্প জানান, রিগ্যানের শুল্কনীতি নিয়ে কানাডা একটি বিভ্রান্তিকর ও প্রতারণামূলক বিজ্ঞাপন প্রচার করেছে। বিজ্ঞাপনে রিগ্যানের রেডিও ভাষণ বিকৃতভাবে উপস্থাপন করা হয়েছে এবং তার বক্তব্য অনুমতি ছাড়া ব্যবহার করা হয়েছে বলে অভিযোগ করেন তিনি।

ট্রাম্প বলেন, “রোনাল্ড রিগ্যান ছিলেন আমেরিকার জাতীয় নিরাপত্তা ও অর্থনৈতিক স্বার্থের রক্ষক। তিনি শুল্কনীতি সমর্থন করতেন, কিন্তু কানাডা তার বক্তব্য বিকৃত করে ভিন্ন বার্তা দিয়েছে। বিজ্ঞাপনটি সরানোর আশ্বাস দিলেও সেটি এখনও প্রচার করা হচ্ছে।”

তিনি আরও যোগ করেন, “এই মিথ্যাচার ও অসদাচরণের জবাবে আমরা কানাডার ওপর অতিরিক্ত ১০ শতাংশ ট্যারিফ আরোপ করছি।”

এর আগে যুক্তরাষ্ট্র কানাডার পণ্যের ওপর ৩৫ শতাংশ পর্যন্ত শুল্ক আরোপ করেছিল। নতুন সিদ্ধান্ত কার্যকর হলে কানাডা থেকে নির্দিষ্ট পণ্যের আমদানিতে ট্যারিফের হার আরও বেড়ে যাবে বলে ধারণা করা হচ্ছে।